# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৫৬

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৭৫. বাইতুল্লাহ দৃষ্টিগোচর হলে হাত তুলবে না

بَاب إِذَا وَدَّعَ الْبَيْتَ لَا يَرْفَعُ يَدَيْهِ

## আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْمَجِيدِ الْحَنَفِيُّ حَدَّثَنَا شُعْبَةُ أَخْبَرَنِي أَبُو قَزَعَةَ قَالَ سَمِعْتُ مُهَاجِرًا يَقُولُ سُئِلَ جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ رَفْعِ الْأَيْدِي عِنْدَ الْبَيْتِ فَقَالَ إِنَّمَا كَانَ يَصْنَعُ ذَلِكَ الْيَهُودُ حَجَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفَصَنَعْنَا ذَاكَ

## বাংলা

১৯৫৬. মুহাজির (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন যে, বায়তুল্লাহ্ নিকটবর্তী (দৃষ্টিগোচর) হলে (দু’আয়) হাত উত্তোলন করা সম্পর্কে জাবির ইবনু আবদুল্লাহ্ রাদ্বিয়াল্লাহু আনহু-কে জিজ্ঞাসা করা হয়। জাবির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, কেবল ইয়াহুদীরা এরূপ করতো। আমরা রাসূলূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে হজ্জ করেছি, কিন্তু আমরা এরূপ করেছি কি?[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: খাত্তাবী, মা’আলিমুস সুনান ২/১৯১ এ উলামাগণের ইখতিলাফ এবং মুহাজিরের মাজহুল হওয়ার কারণে একে যয়ীফ সাব্যস্ত করেছেন বলে উল্লেখ করেছেন। তবে বিষয়টি বুখারী, কাবীর ৭/৩৮০, আবী হাতিম, জারহ্ ওয়াত তা’দীল ৮/২৬০ তে মুহাজিরের জীবনে উল্লেখ করেছেন (ফলে সে মাজহুল নন।) ইবনু হিব্বান ও যাহাবী, আল কাশিফ এ তাকে সিকাহ’ বলেছেন।

তাখরীজ: আবূ দাউদ, মানাসিক ১৮৭০; বাইহাকী, হাজ্জ ৫/৭৩; তিরমিযী, হাজ্জ ৮৫৫; নাসাঈ, মানাসিক ৫/২১২; ইবনু আব্বাস হতেও এ হাদীস বর্ণিত হয়েছে যয়ীফ সনদে যার তাখরীজ আমরা দিয়েছি মাজমাউয যাওয়াইদ নং ২৬১৭, ৫৫৩০ তে।.....।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুহাজির মক্কী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82239

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন